

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৪২৮.২০১৬-২৬০৭


তারিখ : ২৩/০৬/১৬

বিষয় : রীট পিটিশন নং-৪৫৫১/২০১৬, বাদী জনাব মোঃ হেলাল উদ্দিন, পিতা- জনাব অলী মিয়া, গ্রাম- বড় মুসলিম নগর, উপজেলা- লামা, জেলা- বান্দরবান-সরকার ও অন্যান্য।

বান্দরবান জেলার লামা উপজেলাধীন ফাইতং ইউনিয়ন পরিষদের ভোটার তালিকা হতে রোহিঙ্গা ভোটারদের নাম কর্তন করে হালনাগাদ না হওয়া পর্যন্ত নির্বাচন স্থগিত রাখার জন্য বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৫৫১/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দণ্ডের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৪ রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক
বান্দরবান।

২। জেলা নির্বাচন অফিসার
বান্দরবান।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। উপসচিব (ইপ-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।